হরিনাকুন্ডু’র রেসিডো ক্লিনিকে সিজারের পর নবজাতকের মৃত্যু

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার রেসিডো ক্লিনিকে সিজারের পর নবজাতকের মৃত্যু হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।
জানা যায় মঙ্গলবার বিকালে উপজেলার ভবানীপুর গ্রামের মজনু মিয়ার মেয়ে মহিমা খাতুন প্রসব বেদনা নিয়ে হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়, কিন্তু সেখানে নরমাল ডেলিভারি না হওয়ায় এবং কোন সার্জিক্যাল ডাক্তার না থাকায় একজন নার্স তাকে দ্রুত ক্লিনিকে গিয়ে সিজার করার পরামর্শ দেয়। সে সময় উপায়ান্তর না পেয়ে রোগীর স্বজনরা তাকে স্থানীয় রেসিডো ক্লিনিকে ভর্তি করে। রেসিডো ক্লিনিকে ডাঃ আলমগীর হোসেনের তত্বাবধানে রোগীকে সিজার করা হয়। সিজারের পর দেখা যায় নবজাতকের হেড ডেমারেজ হয়েছে তখন বাচ্চাটিকে দ্রুত ঝিনাইদহের শিশু বিশেষজ্ঞ ডা. অলক বাবুর কাছে দেখানোর জন্য পরামর্শ দেয়। তখন নবজাতক শিশুকে ঝিনাইদহ নেওয়ার পথে মারা যায় বলে স্বজনরা জানান।
এবিষয়ে রেসিডো ক্লিনিকের মালিক এম এ জামান কুসুম বলেন রোগী বাড়ি থেকে হাসপাতালে আসতে অনেক দেরি করে ফেলে। বাচ্চা এবং মায়ের সংকটাপন্ন অবস্থায় আমরা অপারেশন করি, পরে মা বাচানো সম্ভব হলেও বাচ্চাকে বাঁচানো সম্ভব হয়নি।
এবিষয়ে অপারেশনকারী ডা. আলমগীর হোসেন বলেন অপারেশেনের সময় অবস্ট্রাকটেড লেবার দেখা দেওয়ায় বাচ্চা ডেলিভারী নরমাল ছিল না সে কারনে বাচ্চা মারা গেছে। তবে প্রসূতি বর্তমানে সুস্থ আছে। এবিষয়ে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. জামিনুর রশিদ বলেন হাসপাতালে ভর্তি এবং চলে যাওয়া কোন কিছু সম্পর্কেই আমি জানি না, আমি এই প্রথম শুনলাম তবে ডা. আলমগীর আমার হাসপাতালের ডাক্তার নয়। তিনি খুলনা মেডিকেল কলেজে সার্জারির উপরে ডিপ্লোমা করছেন বলে জানি। ভুক্তভোগী রোগীর স্বজনরা বলেন আমরা সরকারি হাসপাতালে চিকিৎসা না পেয়ে ক্লিনিকে যেতে বাধ্য হয়। ডাক্তার আলমগীর সার্জারীর বিশেষজ্ঞ ডাক্তার না হয়ে অর্থের লোভে এমন বড় বড় অপারেশন করে থাকেন, তার বিরুদ্ধে এর আগেও অন্য একটি ক্লিনিকে রোগী মৃত্যুর ঘটনা আছে। তাছাড়া ক্লিনিকটি যথাযথ আইন মেনে পরিচালিত হয় না এখানে কোন আবাসিক ডাক্তার নেই, নেই কোন প্রশিক্ষিত নার্স। এমন

মৃত্যুর ঘটনা মাঝে মাঝে ঘটে। এভাবেই দিনের পর দিন চলছে হরিণাকুণ্ডুসহ ঝিনাইদহের বিভিন্ন বে-সরকারী হাসপাতাল ক্লিনিকগুলো।
এলাকাবাসীর দাবি হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন অভিজ্ঞ সার্জন নিয়োগ দিলে এলাকাবাসী উপকৃত হয়।

ঝিনাইদহে কমিউনিটি ও বিট পুলিশিং সমাবেশ

মুজিববর্ষের মুলমন্ত্র-কমিউনিটি পুলিশিং সর্বত্র’ এ শ্লোগানকে সামনে রেখে মহাসড়কে শৃঙ্খলা রক্ষা ও চুরি, ডাকাতি, ছিনতাই ও চাঁদাবাজি প্রতিরোধে ঝিনাইদহে কমিউনিটি ও বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
বুধবার দুপুরে শহরের কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকায় এ সমাবেশের আয়োজন করে আরাপপুর হাইওয়ে থানা পুলিশ।
হাইওয়ে পুলিশের পরিদর্শক বজলুর রশিদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইওয়ে পুলিশের মাদারীপুর রিজিওনের পুলিশ সুপার হামিদুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বাস-মিনিবাস মালিক সমিতির সাবেক সভাপতি রোকনুজ্জামান রানু, জেলা ট্রাফিক ইন্সপেক্টর সালাহউদ্দিন, শৈলকুপার উমেদপুর ইউনিয়নের চেয়ারম্যান সাব্দার হোসেন মোল্লা, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল, শ্রমিক নেতা ওয়ালিউর রহমান, জেলা চালকল মালিক সমিতির সভাপতি মোয়াজ্জেম হোসেন, ব্যবসায়ী টিপু সুলতান। অনুষ্ঠানে সদর ও শৈলকুপা উপজেলা থেকে আগত কমিউনিটি পুলিশের সদস্য, চালক, হেলপারসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। বক্তারা, ঝিনাইদহের বিভিন্ন মহাসড়কে মাদক-চোরাচালান, সড়ক দুর্ঘটনা, ডাকাতি, ছিনতাই রোধসহ শৃঙ্খলা ফেরাতে হাইওয়ে পুলিশকে সহযোগিতা করার আহ্বান জানান।

ঝিনাইদহে দরিদ্র কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বুধবার দুপুরে সদর উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি অফিসের আয়োজনে এ সার ও বীজ বিতরণ করা হয়। এসময় সদর উপজেলার বিভিন্ন গ্রামের ক্ষুদ্র কৃষকদের মাঝে সার-বীজ তুলে দেন প্রধান অতিথি জেলা প্রশাসক মজিবর রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ইমদাদুল হাসান, ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টনসহ অন্যান্যরা।
আয়োজকরা জানান, চলতি অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য সদর উপজেলার ২’শ ১৫ জন কৃষকের প্রত্যেককে ৫ কেজি বীজ ও ১৫ কেজি করে রাসায়নিক সার বিতরণ করা হয়।

শৈলকুপায় সড়ক ও জনপথ বিভাগের শতকোটি টাকার সড়ক নির্মাণ কাজের নেই তদারকি

ঝিনাইদহের শৈলকুপার শেখপাড়া-লাঙ্গলবাধ সড়ক নির্মাণ কাজের তদারকি নেই বলে অভিযোগ উঠেছে ঝিনাইদহের সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তাদের বিরুদ্ধে।

সরেজমিনে দেখা যায়, ঝিনাইদহ সড়ক ও জনপথ বিভাগের শৈলকুপার শেখপাড়া থেকে লাঙ্গলবাধ পর্যন্ত ১৮ ফিট চওড়া, ২৬কি.মি সড়ক নির্মাণের কার্যাদেশ পান মাইনুদ্দিন বাশি লি: এন্ড মিজানুর রহমান জেভি নামে ঠিকাদার প্রতিষ্ঠান। উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে সড়ক নির্মাণ কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে যেনতেন ভাবে। সড়কটির নির্মাণ কাজ শুরু হয়েছে চলতি বছরের মার্চ থেকে। কাজ চলাকালীন সময়ে কর্তৃপক্ষের উপস্থিতির কথা থাকলেও কাজের সময় তাদের দেখা যায় না। মাঝে মধ্যে সড়ক ও জনপথ বিভাগের ওয়ার্ক এ্যাসিসট্যান্ট মতিয়ার রহমানের দেখা মিললেও কোন কর্মকর্তাদের দেখা মেলা ভার। ইট, খোয়া ও বালু খুবই নিম্নমানের, পুরাতন ও নতুন ইটের খোয়া দিয়ে চলছে সড়কের কাজ। রাস্তার পুরাতন পাথরের সাথে মেশানো হচ্ছে নতুন পাথর। ঠিকমত রোলার করা হচ্ছে না। সারাদিন ইচ্ছামত কাজ করে যাচ্ছে ঠিকাদারী প্রতিষ্ঠান। এই গুরুত্বপূর্ণ সড়কের কাজ বুঝে নেওয়ার দায়িত্ব নিয়ে জনমনে নানা প্রশ্ন দেখা দিয়েছে।
এছাড়াও ইচ্ছামত রাস্তার কোল ঘেষে মাটি কাটার ফলে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। ১০- ১২ ফিট গর্ত করে ভেকু দিয়ে মাটি কাটা হচ্ছ্।◌ে এই বর্ষা মৌসুমে যে কোন সময় রাস্তার একটা বড় অংশ ধ¦সে যেতে পারে গর্তের মধ্যে। টেন্ডারে রাস্তার দুই পাশের মাটি ভরাটের জন্য আলাদা টাকা বরাদ্দ থাকলেও রাস্তার কোল ঘেষে মাটি কেটে গর্তের সৃষ্টি করেছে ।
অন্যদিকে শেখপাড়া-বসন্তপুর এলাকায় অবৈধভাবে রাস্তা সংলগ্ন কালী নদীর মাটি কেটে রান্তার বর্ধিত অংশের মাটি ভরাটের কাজ চলছে। বাইরে থেকে মাটি এনে রাস্তার বর্ধিত অংশের কাজ করার কথা থাকলেও তার কোন নিয়ম মানা হচ্ছে না। ভেকু দিয়ে রাস্তার কোল ঘেষে গভীর গর্ত করে মাটি কেটে রাস্তার উপর তোলা হচ্ছে যার ফলে সড়ক হুমকির মুখে পড়বে বলে ধারণা কা হচ্ছে। ঠিকাদারী প্রতিষ্ঠান আর্থিকভাবে লাভবান হওয়ার জন্য এভাবে কাজ করে যাচ্ছে। এত বড় অনিয়ম তার পরেও দেখার কেউ নেই।
মাটি ভরাটসহ সড়কটির নির্মান ব্যায় ধরা হয় শত কোটি টাকার বেশী। ধাওড়া গ্রামের রেজাউল ইসলাম বলেন, কাজ হচ্ছে ঠিকই কিন্তু ঠিকাদারী প্রতিষ্ঠানের ইচ্ছামত। কাজের ব্যাপারে তেমন কোন তদারকি নেই সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তাদের।
পাইকপাড়া গ্রামের আমিরুল বলেন,কর্তৃপক্ষের উদাসীনতায় রাস্তার বেশীরভাগ কাজ হচ্ছে নিম্নমানের সামগ্রী দিয়ে । রাস্তার পুরাতন ইট দিয়ে বেশীরভাগ কাজ হচ্ছে। এছাড়াও রাস্তার কোল ঘেষে মাটি কাটার ফলে রাস্তার পাশে বড় গর্তের সৃষ্টি হয়েছে । ফলে রাস্তা ভেংগে এই গর্তের মধ্যে বিলিন হয়ে যাবে। এভাবে রাস্তার কোল ঘেষে মাটি

কাটলে রাস্তা টেকসই হবে ন্।◌া
তবে এ ব্যাপারে ঠিকাদার মিজানুর রহমান বলেন, আমরা নিয়ম মেনেই কাজ করছি।
ঝিনাইদহ সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী আনোয়ার পারভেজ বলেন, আমরা কাজটি তদারকি করছি । গতকালও পরিদর্শন করেছি। ওয়ার্ক এ্যাসিসট্যান্ট মতিয়ার রহমান মাঝে মধ্যে যায়। আর মাটি এভাবে কাটার জন্য আমরা ঠিকাদারী প্রতিষ্ঠানকে চিঠি দিয়েছি আর এমনভাবে মাটি না কাটার জন্য সতর্ক করেছি।

কালীগঞ্জে একই স্থানে দুই সড়ক দূর্ঘটনায় এক শিশু নিহত, আহত আট

ঝিনাইদহের কালীগঞ্জে নয় ঘন্টার ব্যাবধানে একই স্থানে পৃথক সড়ক দুর্ঘটনায় বাবা-মায়ের সামনে মরিয়ম খাতুন (৪) নামে এক শিশু নিহত হয়েছে এবং অপর দূর্ঘটনায় ছয়জন আহত।

বুধবার দিবাগত রাত দেড়টার দিকে শহরের বৈশাখী তেলপাম্প এলাকায় যশোর ঝিনাইদহ মহাসড়কে ট্রাক ও মটরসাইকেলের সংঘর্ষে এ দুর্ঘটনা ঘটে।নিহত শিশু মরিয়ম উপজেলার কুল্যাপাড়া এলাকার ইব্রাহিম হোসেনের মেয়ে।

বৈশাখী তেলপাম্প এলাকার নৈশপ্রহরী আব্দুল কাদের জানান, মা-বাবার সাথে মোটরসাইকেলে যাচ্ছিল শিশু মরিয়ম। পথিমধ্যে তেলপাম্প এলাকায় একটি দোকানে বসে নাস্তা করছিল তারা। নাস্তা শেষে চলে যাওয়ার সময় হঠাৎ একটি বেপরোয়া কাভার্ড ভ্যান নিয়ন্ত্রণ হারিয়ে শিশু মরিয়মকে পিষ্ট করে। এ সময় ঘটনাস্থলেই শিশু মরিয়মের মৃত্যু হয়।

এদিকে,অপর এক দূর্ঘটনায় সকাল সাড়ে ১১ টার দিকে একই স্থানে যাত্রীবাহী সেয়েব (শাপলা) পরিবহনের একটি বাস ও লেগুনার মুখোমুখি সংঘর্ষে আহত হয়েছেন অন্তত ৬ জন। আহতরা সবাই লেগুনার যাত্রী। এদের

মধ্যে দুইজনের অবস্থা আশংকাজনক। আহতদের নাম-পরিচয় জানা যায়নি। বৈশাখী পাম্প এলাকার দোকানদার রাজু বলেন, শাপলা বাসটি বেপরোয়া গতিতে যশোর থেকে কালীগঞ্জ শহরের দিকে আসছিলো, অপর দিক থেকে আসা একটি লেগুনা কে বাসটি তার বীপরিত লেনে এসে ধাক্কা দিলে এ হতাহতের ঘটনা ঘটে।

দূর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া।

সিও’র পক্ষ থেকে হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান কে সম্মাননা প্রদান

সামাজিক কর্মকান্ডে বিশেষ অবদান রাখায় হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন কে সম্মাননা প্রদান করেন বেসকারী সংস্থা সিও।
রোববার বিকালে ঝিনাইদহের ড্রীম ভ্যালী পার্ক এন্ড রিসোর্টে সিও’র আয়োজনে এই সম্মাননা প্রদান করা হয়। সিও’র নির্বাহী পরিচালক মোঃ সামছুল আলম এর সভাপতিত্বে¡ সম্মাননা স্মারক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম।
এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, জোহান ড্রীম ভ্যালী পার্ক এন্ড রিসোট এর স্বত্ত্বাধিকারী মোঃ মোয়াজ্জেম হোসেনসহ সিও সংস্থায় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
এ সময় বক্তাগণ মাদকের ভয়াবহতা ও বাল্য বিবাহের কুফল নিয়ে আলোচনা করেন এবং মাদকের কুফল সম্পর্কিত লিফলেট বিতরণ করা হয়।

কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র পূর্নাঙ্গ কমিটি গঠন

ঝিনাইদহের কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপি’র ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। গত রবিবার জেলা বিএনপির কার্যালয়ে ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটির নামের তালিকা প্রকাশ ও হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিতা হয়।

গত ২২ মার্চ বিএনপির সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জু, জাতীয় নির্বাহী কমিটির সহঃ সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, সহঃ সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জাতীয় নির্বাহী কমিটির সহঃ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুলের উপস্থিতিতে থানা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে উপজেলা বিএনপি’র সভাপতি নির্বাচিত হন অধ্যাপক আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, সাংগঠনিক সম্পাদক হারুন-অর-রশিদ। এছাড়া কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি নির্বাচিত হন এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু।

সম্মেলনে ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটির নামের তালিকা রোববার (১৯ সেপ্টেম্বর) জেলা বিএনপির পক্ষ থেকে হস্তান্তর করা হয়। এসময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক এ্যাডঃ এস এম মশিয়ুর রহমান, সদস্য সচিব এ্যাড. এম.এ মজিদ , ঝিনাইদহ পৌর শাখার আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস।

এসময় উপজেলা বিএনপি’র যুগ্ন-সাধারন সম্পাদক হুমায়ন কবির মিলন, যুব বিষয়ক সম্পাদক আশরাফুজ্জামান খাঁন মুকুল, পৌর বিএনপির সহ-সভাপতি শাহরিয়ার রহমান মামুন, পৌর বিএনপির যুব বিষয়ক সম্পাদক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা বিএনপি’র দফতর সম্পাদক শহিদুল ইসলাম ভূইয়া উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে কথিত সাংবাদিকের চাঁদাবাজীর ফোনালাপ ফাঁস

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে এক ইউপি সদস্যের কাছে কথিত এক সাংবাদিকের চাঁদা চাওয়ার ফোনালাপ ফাঁস হয়েছে। এ ঘটনার বিচার চেয়ে সাংবাদিকদের কাছে বিচার দাবি জানিয়েছেন ভুক্তভোগী ওই ইউপি সদস্য আনিচ । চাঁদা দাবি করা ওই কথিত সাংবাদিকের নাম জাফিরুল ইসলাম, তিনি আনন্দ টিভি ও দৈনিক আমাদের নতুন সময় পত্রিকার পরিচয় দিয়ে থাকেন।

ভুক্তভোগী উপজেলার তাহেরহুদা ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের সদস্য আনিচুর রহমান জানান, গত বৃহস্পতিবার সন্ধ্যা থেকে একের পর এক ওই সাংবাদিক জাফিরুল ইসলাম আমার ০১৭২৯৭২০৪৪৩/০১৭১৪৮৩৬০০১ নাম্বার থেকে একটি মিথ্যা চুরির গল্প বলে আমার নামে ছবিসহ সংবাদ ছাঁপছে বলে জানায়। এই সংবাদ বন্ধ করতে আমার কাছে ২০ হাজার টাকা চাঁদা দাবি করে। রাত একটার দিকে ফের সে আমার কাছে টাকা দাবি করে। না হলে আমার নামে সংবাদ প্রকাশের ভয় দেখায়।

এদিকে শুক্রবার সকাল থেকেই সামাজিক যোগাযোগ মাধ্যমে ওই কথিত সাংবাদিকের চাঁদা চাওয়ার কথপো-কথনটি ভাইরাল হয়। এ নিয়ে সচেতন মহলের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়। এর আগেও এই কথিত সাংবাদিকের বিরুদ্ধে ক্লিনিকসহ বিভিন্ন জায়গায় চাঁদাবাজীর অনেক অভিযোগ ওঠে।

এ বিষয়ে ইউপি সদস্য আনিচুর রহমান বলেন, ফেসবুকে আমার নামে মিথ্যা তথ্য ছড়িয়ে আমার সম্মানহানি করা হয়েছে। আর আমার নামে সংবাদ প্রকাশের ভয় দেখিয়ে আমার কাছে চাঁদা দাবি করা হয়েছে। জাতির বিবেক সাংবাদিকদের কাছ থেকে এটা কাম্য নয়। আমি এই কথিত সাংবাদিকের নামে মামলার প্রস্তুতি নিচ্ছি।

চাঁদাবাজীর বিষয়ে জানতে চাইলে কথিত সাংবাদিক জাফিরুল ইসলাম বলেন, এটি মিথ্যা আমার ফোন হারিয়ে গেছে।
হরিণাকুণ্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা বলেন, একজন জনপ্রতিনিধির নামে মিথ্যা তথ্য তুলে চাঁদা দাবির ঘটনা দুঃখজনক। অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহের মধুহাটি ইউনিয়নের যুবলীগের নতুন কমিটি ঘোষণা

ঝিনাইদহ সদর উপজেলার মধুহাটি ইউনিয়নে আওয়ামী যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে বাজার গোপালপুরে যুবলীগের এই সম্মেলন অনুষ্ঠিত হয়।
মধুহাটি ইউনিয়ন যুবলীগের আয়োজনে ত্রি-বার্ষিক সম্মেলন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন। সম্মেলনের উদ্বোধন করেন সদর উপজেলা যুবলীগের আহ্বায়ক শাহ্ মোঃ ইব্রাহিম খলিল রাজা।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক রাজু আহমেদ, মধুহাটি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলমগীর আজাদ সম্রাট, সাধারন সম্পাদক ও মধুহাটি ইউনিয়নের চেয়ারম্যান ফারুক আহমেদ জুয়েল, সদর থানা যুবলীগের যুগ্ম আহ্বায়ক হারুন-অর রশীদ। অনুষ্ঠানের প্রথম পর্বে আলেচনা সভা শেষে ২য় পর্বে কমিটি গঠন করা হয়। কমিটিতে আশরাফুল ইসলামকে সভাপতি ও মিন্টু মিয়াকে সাধারণ সম্পাদক করে ইউনিয়ন যুবলীগের কমিটি গঠন করা হয়। এসময় নেতৃবৃন্দ আগামী ১০ দিনের মধ্যে পুর্ণাঙ্গ কমিটি গঠনের নিদের্শ দেয়। নব-গঠিত এই কমিটিতে স্বাগত জানিয়েছে জেলার সকল রাজনৈতিক সংগঠন।

ঝিনাইদহে আদিবাসী ছাত্রীদের

মাঝে বাইসাইকেল বিতরণ

ঝিনাইদহে আদিবাসী ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে। রোববার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পরিষদের পক্ষ থেকে এই বাইসাইকেল বিতরণ করা হয়।

এসময় উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
আদিবাসী শিক্ষার্থীদের শিক্ষার মূলধারায় ফিরিয়ে আনতে ও দূরবর্তী শিক্ষার্থীদের যাতায়াতের সু-ব্যবস্থা করতে সদর উপজেলার বিভিন্ন গ্রামের আদিবাসী সম্প্রদায়ের ১০ জন ছাত্রীর মাঝে এ সাইকেল বিতরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা ছাত্রীদের মাঝে সাইকেল বিতরণ করেন।